

ISO 9001, ISO 14001 &
OHSAS 18001 Certified

সভাপতি, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩

এবং

সচিব

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৭ - ৩০ জুন, ২০১৮

সূচিপত্র

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন-১ : চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর রূপকল্প (Vision),
অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলি।

সেকশন-২ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদনসূচক
এবং লক্ষ্যমাত্রাসমূহ।

চট্টগ্রাম পবিস-৩ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overreview of the Performance of Chittagong PBS-3)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা :

● সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ :

চট্টগ্রাম জেলার সীতাকুন্ড, মীরসরাই ও হাটহাজারী উপজেলার সমন্বয়ে ১,২১৮ বর্গ কিঃ মিঃ এলাকা নিয়ে চট্টগ্রাম পবিস-৩ গঠিত। বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের অংশ হিসাবে ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে চট্টগ্রাম পবিস-৩ নিরলসভাবে কাজ করে যাচ্ছে এবং ইতিমধ্যে সীতাকুন্ড উপজেলায় ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়া সম্ভব হয়েছে। গ্রামীণ জনগোষ্ঠীর অর্থনৈতিক উন্নয়ন ও জীবনযাত্রার মানোন্নয়নের লক্ষ্যে মার্চ ২০১৭ খ্রিঃ পর্যন্ত ২৪৫০ কিঃমিঃ বৈদ্যুতিক লাইন নির্মাণ সম্পন্ন করা হয়েছে উক্ত লাইনের আওতায় এপ্রিল ২০১৭ খ্রিঃ পর্যন্ত ১,৫৯,৬৫৬ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। চট্টগ্রাম পবিস-৩ এর চারটি উপকেন্দ্রের মধ্যে সদর দপ্তর- সীতাকুন্ড ১০ এমভিএ, হাটহাজারী ২০ এমভিএ, মীরসরাই-১ ২০ এমভিএ (সদ্য ১০ এমভিএ হইতে ২০ এমভিএ উন্নীত করা) এবং মীরসরাই-২ ১০ এমভিএ (১.৮ মিলিয়ন গ্রাহক সংযোগ প্রকল্পের আওতায় নির্মিত) উপকেন্দ্র। অত্র পবিসের ধুম ৩৩ কেভি ফিডারের মাধ্যমে সীতাকুন্ড ১০ এমভিএ, মীরসরাই-১ ২০ এমভিএ ও মীরসরাই-২ ১০ এমভিএ উপকেন্দ্রে বিদ্যুৎ সরবরাহ করা হইত। গত ৩ বছরে উল্লেখযোগ্য উন্নয়নমূলক কাজসমূহ নিম্নরূপঃ

- ধুম ৩৩ কেভি লাইনের ১০ কিঃমিঃ আন্ডার সাইজ তার সমিতির জনবলের মাধ্যমে পরিবর্তন করা হয়েছে।
- ধুম ৩৩ কেভি ফিডারের ১৮ কিঃমিঃ লাইন ঠিকাদার কর্তৃক শুধুমাত্র খুঁটি স্থাপন করে সমিতির নিজস্ব জনবল দ্বারা ফিটিংসহ তার টানানোর কাজ সম্পন্ন করা হয়েছে।
- হাটহাজারী উপকেন্দ্রের ১১ কেভি ফিডার ওভার লোড নিরসনকল্পে ঠিকাদারের সহযোগিতায় উপকেন্দ্রের ৪নং ফিডার বিভাজন করে নতুন আর একটি ফিডার নির্মাণপূর্বক চালু করা হয়েছে।
- হাটহাজারী উপকেন্দ্রের ২নং ফিডার এর ১০ কিঃমিঃ লাইন সমিতির নিজস্ব জনবল দ্বারা আপগ্রেডেশন সম্পন্ন করা হয়েছে।
- হাটহাজারী উপকেন্দ্রের ১নং ফিডার এর লোড ব্যালেন্স এর জন্য ৮কিঃমিঃ সিঙ্গেল ফেজ এইচটি লাইনকে ৩ ফেজে রূপান্তর। কাজটি সমিতির নিজস্ব জনবল দ্বারা সম্পন্ন করা হয়েছে।
- মীরসরাই-২ উপকেন্দ্রের ৩নং ফিডারের ওভারলোড সমস্যা নিরসনের জন্য নতুন একটি ফিডার নির্মাণপূর্বক লোড বিভাজন করা হয়েছে। কাজটি সমিতির নিজস্ব জনবল ও মিনিঠিকাদারের মাধ্যমে সম্পন্ন করা হয়েছে।
- পিডিবির সুইচিং স্টেশনের কন্ট্রোল রুম সম্প্রসারণপূর্বক ইনডোর টাইপ ব্রেকার স্থাপন করে ধুম ৩৩ কেভি ফিডারে সংযোগ প্রদান করা হয়েছে। উক্ত কাজটি পবিস এর নিজস্ব অর্থায়নে সম্পন্ন করা হয়েছে।
- অত্র পবিসের ভৌগলিক এলাকায় বিএসআরএম এর নিজস্ব ২৩০/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র হতে ০.২১কিঃমিঃ আন্ডারগ্রাউন্ড লাইন নির্মাণ ও ০.৩কিঃমিঃ ওভারহেড লাইন নির্মাণ পূর্বক ৩৩ কেভি কন্ট্রোল রুমে ব্রেকার স্থাপনের মাধ্যমে ১০ মেগাওয়াট বিদ্যুৎ গ্রহণ করা হয়। এ কাজে সমিতির প্রায় এক কোটি টাকা ব্যয় হয়। কাজটি সমিতির নিজস্ব জনবল দ্বারা সম্পন্ন করা হয়।
- বিএসআরএম গ্রীড হতে ১০ মেগাওয়াট বিদ্যুৎ গ্রহণের মাধ্যমে সরবরাহ করায় ধুম ৩৩ কেভি ফিডারের ওভারলোড সমস্যা নিরসন হয়েছে।
- সমিতির সিস্টেম লস হ্রাসকরণ সহ গ্রাহকপ্রাপ্তে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করণের স্বার্থে সমিতির নিজস্ব জনবল দ্বারা ২৭কিঃমিঃ ৩# ACSR তার পরিবর্তন করে 1/0 # ACSR স্থাপন এবং ১৯কিঃমিঃ এলটি লাইনের তার আপগ্রেডেশন সম্পন্ন করা হয়েছে।
- অত্র সমিতির আওতাধীন নির্মাণাধীন বাংলাদেশের সর্ববৃহৎ অর্থনৈতিক অঞ্চল (মীরসরাই অর্থনৈতিক অঞ্চল) এ ১২ কিঃমিঃ ১১ কেভি লাইন নির্মাণপূর্বক সাইট অফিসে বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হয়। উক্ত কাজটি সমিতির জনবলসহ মিনিঠিকাদারের মাধ্যমে সম্পন্ন করা হয়েছে।
- মীরসরাই অর্থনৈতিক অঞ্চলে পানি সরবরাহের জন্য স্থাপিত নলকূপে বৈদ্যুতিক লাইন নির্মাণপূর্বক (৭৫ কেভিএ লোডে) সংযোগ প্রদান করা হয়েছে।
- অর্থনৈতিক অঞ্চলে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য ২০ কিঃমিঃ ডাবল সার্কিট ৩৩ কেভি লাইন নির্মাণ কাজ চলমান আছে। ইতিমধ্যে উক্ত লাইনের সকল খুঁটি স্থাপন করা হয়েছে ও ৭কিঃমিঃ লাইনের ফিটিং সম্পন্ন করণ সহ ৩কিঃমিঃ লাইনের তার টানা হয়েছে।

৫

- অর্থনৈতিক অঞ্চলে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য প্রাথমিকভাবে ২০ এমভিএ উপকেন্দ্র নির্মাণের জন্য মেসার্স এনার্জিপ্যাক লিমিটেড-কে কার্যাদেশ প্রদান করা হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান উপকেন্দ্র নির্মাণের জন্য মাটি ভরাট কাজ শুরু করেছে।
- বাপবিবো কর্তৃক ১৯৯৯ সালে অধিগ্রহণকৃত কিন্তু বেদখলে থাকা জমি ২০১৬ সালে উদ্ধারপূর্বক দখলী বুকে নেওয়া হয়েছে।
- ২০০৪/০৫ সালে নির্মিত ৪১কিঃমিঃ লাইন বাঁধাজনিত কারণে তৎসময়ে চালু না হওয়ায় সমিতি কর্তৃক মোটিভেশনের মাধ্যমে সকল বাঁধা অপসারণপূর্বক ২০১৫ সালে লাইনটি চালু করে গ্রাহকদের বিদ্যুৎ সরবরাহ করা হয়।

● সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :

- অত্র পবিসের আওতায় দ্রুত গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। সেই সাথে গ্রাহকের বিদ্যুতের চাহিদা (ব্যবহৃত লোড) বৃদ্ধি পাচ্ছে। অত্র পবিসের বর্তমান পিক লোড ৪৮মেঃওঃ। অত্র পবিস বারআউলিয়া ও হাটহাজারী গ্রীড উপকেন্দ্র হতে বিদ্যুৎ গ্রহণ করে।
- বারআউলিয়া গ্রীড ওভারলোডেড এবং ৩৩ কেভি লাইন (ধুম) এর দৈর্ঘ্য প্রায় ৫৩কিঃমিঃ হওয়ায় ৩৩ কেভি লাইন লস বেশি ও শেষপ্রান্তে যথার্থ ভোল্টেজ পাওয়া যায় না। যা একটি বিরাট সমস্যা হিসেবে দেখা দিচ্ছে। উক্ত সমস্যা নিরসনের জন্য বারআউলিয়া হাট ১৬০/২৪০ এমভিএ গ্রীড উপকেন্দ্র নির্মাণের কাজ চলমান আছে। ইতিমধ্যে ৩০% কাজ সম্পন্ন হয়েছে। যা ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ সালে চালু হওয়ার সম্ভাবনা রয়েছে।
- অত্র সমিতির আওতায় নির্মাণাধীন বাংলাদেশের সর্ববৃহৎ অর্থনৈতিক অঞ্চলে ২০২৫ সাল নাগাদ ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ এর প্রয়োজন হবে। মীরসরাই অর্থনৈতিক অঞ্চলে বিদ্যুৎ সরবরাহ করা অত্র সমিতির জন্য একটি বড় চ্যালেঞ্জ। মীরসরাই অর্থনৈতিক অঞ্চলে বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হলে সমিতি আর্থিকভাবে স্বচ্ছল হবে। মীরসরাই অর্থনৈতিক অঞ্চলে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার লক্ষ্যে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।
- শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন করণের লক্ষ্যে আর্থিকভাবে অবচ্ছল অত্র পবিসের পক্ষে পিডিবি, পিজিসিবি বিল ও দৈনন্দিন ব্যয় নির্বাহের পর শতভাগ বিদ্যুতায়ন এবং নির্মিত লাইনের মাধ্যমে সংযোগকৃত গ্রাহকদের নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে নিয়মিত লাইন ও ট্রান্সফরমার আপগ্রেডেশন ও রক্ষণাবেক্ষণের জন্য খুঁটি, তার, ট্রান্সফরমার, মিটার ও সার্ভিস ড্রপ নগদ মূল্যে ক্রয় করাও অত্র সমিতির জন্য একটি বড় সমস্যা।

● ভবিষ্যৎ পরিকল্পনা :

- মাননীয় প্রধানমন্ত্রীর উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ পৌছে দেওয়ার লক্ষ্যে অত্র সমিতির আওতাধীন সীতাকুন্ড উপজেলা ইতিমধ্যে শতভাগ বিদ্যুতায়ন করা সম্ভব হয়েছে, হাটহাজারী উপজেলা জুন/২০১৭ এর মধ্যে শতভাগ বিদ্যুতায়ন করা সম্ভব হবে এবং মীরসরাই উপজেলা জুন/২০১৮ এর মধ্যে শতভাগ বিদ্যুতায়নের পরিকল্পনা আছে।
- আগামী ২০৩০ সালের মধ্যে গ্রাহকের বিদ্যুৎ ব্যবহার বৃদ্ধি পাওয়ার বিষয়টি হিসাবপূর্বক অত্র সমিতির আওতাধীন বিভিন্ন এলাকায় উপকেন্দ্র ও লাইন নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। গ্রাহকগণের চাহিদা পূরণের লক্ষ্যে মীরসরাই উপজেলায় করেরহাট এলাকায় CSDP-II প্রকল্পের আওতায় মীরসরাই-৪ ১০ এমভিএ উপকেন্দ্র নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।
- ১.৫ মিলিয়ন গ্রাহক সংযোগ প্রকল্পের আওতায় মীরসরাই উপজেলার ইছাখালী ও মগাদিয়া এলাকায় ২টি ১০ এমভিএ উপকেন্দ্র নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।
- ২.০০ মিলিয়ন গ্রাহক সংযোগ প্রকল্পের আওতায় মীরসরাই উপজেলার বামনসুন্দর ও খৈয়াছড়া ২টি ১০ এমভিএ উপকেন্দ্র নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।
- শতভাগ বিদ্যুতায়ন প্রকল্পের আওতায় মীরসরাই উপজেলার গ্যাড়ামারা এলাকায় ১টি ১০ এমভিএ উপকেন্দ্র নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।
- হাটহাজারী উপজেলার দক্ষিণ মাদারশা এলাকায় ১০ এমভিএ উপকেন্দ্র নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।
- মীরসরাই অর্থনৈতিক অঞ্চলে ২০২৫ সাল নাগাদ ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে ১৩টি ৪০ এমভিএ উপকেন্দ্র নির্মাণের লক্ষ্যে “বেজা” প্রকল্পের DPP তে অন্তর্ভুক্ত করণের জন্য বাপবিবো বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
- মীরসরাই অর্থনৈতিক অঞ্চলে ২০২৫ সাল নাগাদ ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে ৪টি সুইচিং স্টেশন নির্মাণের লক্ষ্যে “বেজা” প্রকল্পের DPP তে অন্তর্ভুক্ত করণের জন্য বাপবিবো বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
- মীরসরাই অর্থনৈতিক অঞ্চলে ২০২৫ সাল নাগাদ ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে ৪৫০কিঃমিঃ ১১ কেভি বৈদ্যুতিক লাইন নির্মাণের জন্য “বেজা” প্রকল্পের DPP তে অন্তর্ভুক্ত করণের জন্য বাপবিবো বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

- অত্র সমিতির আওতাধীন গ্রাহক সেবা নিশ্চিত করণের জন্য শতভাগ বিদ্যুতায়ন প্রকল্পের আওতায় হাটহাজারী উপজেলায় একটি স্থায়ী জোনাল অফিস ভবন নির্মাণের পরিকল্পনা আছে।
- অত্র সমিতির আওতাধীন গ্রাহক সেবা নিশ্চিত করণের জন্য চট্টগ্রাম বিভাগীয় সিভিল ওয়ার্ক প্রকল্পের আওতায় সমিতির নিজস্ব জায়গায় মীরসরাই জোনাল অফিস নির্মাণের লক্ষ্যে DPP তে অন্তর্ভুক্ত করণের জন্য বাপবিবো বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
- অত্র সমিতির আওতাধীন গ্রাহক সেবা নিশ্চিত করণের জন্য চট্টগ্রাম বিভাগীয় সিভিল ওয়ার্ক প্রকল্পের আওতায় মীরসরাই উপজেলায় বাইরয়ারহাট জোনাল অফিস স্থাপনের লক্ষ্যে DPP তে অন্তর্ভুক্ত করণের জন্য বাপবিবো বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
- অত্র সমিতির আওতাধীন গ্রাহক সেবা নিশ্চিত করণের জন্য চট্টগ্রাম বিভাগীয় সিভিল ওয়ার্ক প্রকল্পের আওতায় মীরসরাই উপজেলায় মীরসরাই অর্থনৈতিক জোন জোনাল অফিস স্থাপনের লক্ষ্যে DPP তে অন্তর্ভুক্ত করণের জন্য বাপবিবো বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
- অত্র সমিতির আওতায় পূর্বে নির্মিত ৪৫০কিঃমিঃ এইচটি ও এলটি লাইন URIDS প্রকল্পের মাধ্যমে আপগ্রেডেশনের জন্য BOQ প্রেরণের প্রক্রিয়াধীন রয়েছে।
- অত্র সমিতির আওতায় পূর্বে নির্মিত ২৫০কিঃমিঃ এইচটি ও এলটি লাইন UREDS PHASE-II প্রকল্পের মাধ্যমে আপগ্রেডেশনের জন্য BOQ প্রেরণ শুরু করা হয়েছে।
- অত্র সমিতির আওতাধীন গ্রাহক সেবা নিশ্চিত করণের জন্য বিভিন্ন উপকেন্দ্রে নেটওয়ার্কিং এর আওতায় আনার লক্ষ্যে ১.৫ মিলিয়ন গ্রাহক সংযোগ প্রকল্পের আওতায় ৬০কিঃমিঃ ও UREDS প্রকল্পের আওতায় ৮০কিঃমিঃ ৩৩ কেভি লাইন নির্মাণাধীন আছে।
- মীরসরাই অর্থনৈতিক অঞ্চলে বিদ্যুৎ সরবরাহের জন্য ৬০কিঃমিঃ ৩ কেভি লাইন নির্মাণের জন্য “বেজা” প্রকল্পে অন্তর্ভুক্ত করণের প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
- অত্র সমিতির আওতাধীন গ্রাহকগণকে যথাযথ ভোল্টেজে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য বিশ্ব ব্যাংক এর অর্থায়নে হাটহাজারী উপজেলার গড়দুয়ারায় ২০ এমভিএ, কাটিরহাটে ১০ এমভিএ এবং মীরসরাই উপজেলার ওয়াহেদপুরে ১০ এমভিএ উপকেন্দ্র নির্মাণ কাজ চলমান আছে।
- মীরসরাই অর্থনৈতিক অঞ্চলে ২০১৮ সাল নাগাদ ১০ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে ২০ এমভিএ একটি উপকেন্দ্র নির্মাণের কাজ চলমান আছে।
- আগামী ৫ বছরের মধ্যে অত্র সমিতির সিস্টেম লস সিঙ্গেল ডিজিটে আনয়ন ও গ্রাহপ্রাপ্তে ৩০,০০০ প্রি-পেইড মিটার স্থাপন করা হবে।

২০১৭-১৮ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ :

- ০১। সিস্টেম লস হ্রাস এবং গ্রাহক সংখ্যা বৃদ্ধির মাধ্যমে সমিতির আর্থিক অবস্থার উন্নয়ন।
- ০২। সমিতির আওতাধীন সকল উপজেলা শতভাগ বিদ্যুতায়ন সম্পন্নকরণ।
- ০৩। মীরসরাই অর্থনৈতিক অঞ্চলে ১০ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করা।
- ০৪। বকেয়া মাস ১.০০ অর্জন করা।
- ০৫। সিস্টেম লস ১৩.০০% অর্জন করা।
- ০৬। ৪টি (৬০ এমভিএ) নির্মাণাধীন উপকেন্দ্র নির্মাণ সম্পন্ন করা।
- ০৭। ১.৫ মিলিয়ন গ্রাহক সংযোগ প্রকল্পের আওতায় ২টি উপকেন্দ্র (২০ এমভিএ) নির্মাণ কাজ শুরু করা।
- ০৮। শতভাগ প্রকল্পের আওতায় ১টি (১০ এমভিএ) উপকেন্দ্র নির্মাণ কাজ শুরু করা।
- ০৯। CSDP-II প্রকল্পের আওতায় মীরসরাই-৪ (১০ এমভিএ) উপকেন্দ্র নির্মাণ কাজ শুরু করা।
- ১০। বাইরয়ারহাট ১৬০/২৪০ গ্রীড উপকেন্দ্র হতে সমিতির ৩৩ কেভি লাইনে বিদ্যুৎ সরবরাহ করা।
- ১১। ১৪০কিঃমিঃ নির্মাণাধীন ৩৩ কেভি লাইনের নির্মাণ কাজ শেষ করার প্রচেষ্টা।

✓

উপক্রমণিকা (Preamble)

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও এর আওতাধীন পবিসসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কে প্রদত্ত বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে

সভাপতি, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩

এবং

সচিব

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এর মধ্যে ২০১৭ সালের ০৬ মাসের ২৫ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন-১

চট্টগ্রাম পবিস-৩ এর রূপকল্প (Vision) অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ ও কার্যাবলী :-

- ১.১ রূপকল্প (Vision) : চট্টগ্রাম পবিস-৩ এর আওতাধীন সকল জনগণকে গুণগত/নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা।
- ১.২ অভিলক্ষ্য (Mission) : জুন/১৮ সালের মধ্যে অত্র পবিসের ভৌগলিক এলাকার আওতাধীন সকল জনগোষ্ঠীকে সরকারের ভিশন-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে প্রতিটি ঘরে ঘরে বিদ্যুৎ সুবিধা পৌঁছে দেওয়ার মাধ্যমে দেশের আর্থ সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখা।
- ১.৩ **কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) :**
 - (১) নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহের স্বার্থে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সার্বিক উন্নয়ন।
 - (২) আর্থ সামাজিক উন্নয়ন তথা দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা।
 - (৩) সরকারের ডিজিটাল সেবার সুবিধা ভোগ করার জন্য ভৌগলিক এলাকার আওতাধীন বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠীর সংখ্যা বৃদ্ধি করা।
 - (৪) সিস্টেম লস হ্রাসকরণ ও রাজস্ব বৃদ্ধির মাধ্যমে চট্টগ্রাম পবিস-৩ এর আর্থিক সক্ষমতা অর্জনের চেষ্টা করা।
 - (৫) প্রত্যন্ত অঞ্চলে অবস্থিত স্কুল, কলেজ, মাদ্রাসা, মসজিদ, হাসপাতাল, ব্যাংক ও বীমাসহ সকলকে ডিজিটাল সুবিধা ভোগ করার জন্য নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধ করা।
- ১.৩.১ **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ :**
 - (১) দক্ষতা ও কর্মনিষ্ঠার মাধ্যমে বার্ষিক কর্মসম্পাদনের মান চুক্তি অনুযায়ী নিশ্চিত করা।
 - (২) কাজের মান আরো উন্নত করণ ও দ্রুত সেবা প্রদানের মাধ্যমে গ্রাহক সেবার মানোন্নয়ন।
 - (৩) সকল কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।
 - (৪) কর্মপরিবেশ উন্নয়নের মাধ্যমে নির্দিষ্ট কাজ নির্দিষ্ট সময়ে শেষ করা।
 - (৫) সম্পাদিত কাজের তথ্য স্বপ্রনোদিতভাবে প্রকাশ করে জনগণকে তথ্য জানার অধিকার ও তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা।
 - (৬) ডিজিটাল পদ্ধতি বাস্তবায়ন পূর্বক আর্থিক ব্যবস্থাপনার মান উন্নয়ন।
- ১.৪ **কার্যাবলী (Functions) :**
 - (১) ভৌগলিক এলাকার জনগণের/গ্রাহকদের ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা পূরণের লক্ষ্যে স্বল্প মেয়াদী/দীর্ঘ মেয়াদী পরিকল্পনা প্রণয়নের মাধ্যমে অত্র পবিসের ভৌগলিক এলাকার আওতাধীন সকল জনগণকে দ্রুত বিদ্যুৎ সেবার আওতায় আনয়ন।
 - (২) স্বল্প মেয়াদী/মধ্য মেয়াদী ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা প্রণয়নপূর্বক কারিগরী উন্নয়নের মাধ্যমে সিস্টেম লস হ্রাস করা।
 - (৩) প্রচার ও প্রচারণার মাধ্যমে গ্রাহকগণকে বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ী করা এবং দেশের অর্থনৈতিক উন্নয়ন তথা জাতীয় উন্নয়নে ভূমিকা রাখা এ জাতীয় কাজে অধিকতর বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধ করণ।
 - (৪) পবিসের ভৌগলিক এলাকায় শতভাগ বিদ্যুতায়নপূর্বক জনগণকে দ্রুত ও কুটির শিল্প স্থাপনে উদ্বুদ্ধ করে অর্থনৈতিক উন্নয়নের মাধ্যমে জীবন যাত্রার মানোন্নয়ন।
 - (৫) বিভিন্ন ডিজিটাল পদ্ধতি ব্যবহার করে ব্যয় সংকোচন পূর্বক পবিসের আয় বা আর্থিক অবস্থার উন্নয়ন করা।
 - (৬) স্পট সংযোগ/সংযোগ প্রক্রিয়া সহজীকরণ করা, যাতে সংযোগ প্রত্যাশী গ্রাহকগণ স্বল্পতম সময়ে সংযোগ পান।
 - (৭) বৈদ্যুতিক বিতরণ লাইনসমূহ পরিকল্পনা মোতাবেক আপগ্রেডেশন, রক্ষণাবেক্ষণ ও মেরামত করা।
 - (৮) দ্রুততম সময়ের মধ্যে গ্রাহক অভিযোগ সমাধান করা।
 - (৯) প্রি-পেইড মিটার স্থাপন পূর্বক গ্রাহককে বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ী হওয়ার জন্য উদ্বুদ্ধ করা ও রাজস্ব আদায়ের মাধ্যমে আর্থিক সক্ষমতা বৃদ্ধি করা।
 - (১০) বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন পূর্বক স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে তা বাস্তবায়ন করা এবং সকল ক্ষেত্রে সৃষ্ট কর্মপরিবেশ ও সুশাসন প্রতিষ্ঠা করা।
 - (১১) বিশ্বের সাথে তাল মিলিয়ে ডিজিটলাইজেশন ও অটোমেশনের মাধ্যমে উত্তম গ্রাহক সেবা নিশ্চিত করা।

৯/


কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ
চতুর্থ পর্ব-৩

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ধারক ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18)				প্রকল্প (Project)	প্রকল্প (Projection) ২০১৮-২০	
						২০১৬-১৭	২০১৬-১৭*	অসাধারণ	উত্তম	চলতিমান	চলতিমানের নিম্ন			
						১	২	৩	৪	৫	৬			
সূচক-৩: সতর্কতা/কৌশলগত উদ্দেশ্য														
	২	৩	৪	%	২৮	১৫.৮৯%	১৩.৬০%	১৩.০০%						
			1. System Loss (Grid Meter) [%] (w/o resale)	%	১৬	১.০১	১.১৯	১.০০						
			2. Accounts Receivable (Months) (without GOB rebate & resale)	Month	১	১০০.৮২%	৯৭.২৯%	৯৯.০০%						
			3. Collection Bill(CB) Ratio (%) (without GOB rebate & re	%	১	৮৪.৮২%	৮৪.০৬%	৮৬.১৩%						
			4. Collection Import (CI) Ratio (%) (w/o rebate & resale)	%	১	১০.১০%	৪.২৯%	৫.০০%						
			5. Recovery of amounts written=off	%	১	৩০.৬০৮	১৬.০০০	৩০.০০০						
			6. Payment of debt service liability (TK' 000)	Tk	১	১.৩	১.৪৮	১.৬০						
			7. O & M EXP. (EX. PC, Depre. Int. & Pro. Uncoil. AMT.)(TK) / Kwh Sold (w/o resale)	Tk	১	৩৬৮	৩৬৮	৪৫০						
			8. Rev. / KM of Line w/o resale (TK)' 000	Tk	১	৬০.৪৯%	৯২.০০%	২৫.০০%						
			9. Ratio of inspection & maintenance of Distri. line against Ener. line (KM)	%	১	৬.৯২%	৬.৯৪%	৪.০০%						
			10. Ratio of Damaged & repairable Transformer (no.) against total installed Transformer (no.)	%	১	১৩৬%	৯৬%	১০০%						
			11. Percentage of Damaged Transformer repaired	%	১	১.৫১%	২.০০%	৩.০০%						
			12. Ratio of connected consumer (over 90 days) against service in place - (Except irrigation)	%	২									

[Signature]
 এ. কে. এম. মাহমুদুল হক
 সিনিয়র সিস্টেম এনালিস্ট
 চতুর্থ পর্ব-৩

[Signature]
 সত্যপতি
 সিনিয়র সিস্টেম এনালিস্ট
 চতুর্থ পর্ব-৩

13. Store Management Performance:																				
a. Physical Inventory of all Stores under PBS (2016-	%	3	100%	100%	100%	100%														
b. Timely Closeout of Mini & Force Work Order	%	3	80%	80%	80%	80%														
14. Maintenance and Up-gradation of equipment record card (ERC)	%	2	80%	100%	100%	100%														
15. Improvement of Power Factor		3	0.82	0.82	0.82	0.82														
16. Action on Meter Report	%	3	100%	100%	100%	100%														
17. Average Training hour per Employee	Hour	2	122	90	90	90														
18. Implementation of Annual Development Program (Issuance of Staking Sheet)	%	3	188%	100%	100%	100%														
19. Timeliness to attend Consumer's	%	3	100%	100%	100%	100%														
20. System Average Interruption Duration Index (SAIDI)	Minute	2	633	225	225	225														
21. System Average Interruption Frequency Index (SAIFI)	Times	2	2.80	2	2	2														
22. % of overloaded Transformer	%	2	48%	0%	0%	0%														
23. % of New Connected Consumers	%	3	82%	100%	100%	100%														
24. Accounts Payable	Month	3	1.00	1.00	1.00	1.00														


CHIEF ENGINEER
 सिंधु घाटी पावर कॉरपोरेशन
 इस्लामाबाद
 00000-0000000

মাঠ পর্যায়ের কার্যালয়ের আর্থিক কৌশল গত উদ্দেশ্য সমূহ (মোট নম্বর -২০)

ক্রমাংক-১ কৌশলগত উদ্দেশ্য (Strategic objectives)	ক্রমাংক-২ কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic Objectives)	ক্রমাংক-৩ কার্যক্রম (Activities)	ক্রমাংক-৪ কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)	ক্রমাংক-৫ কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	ক্রমাংক-৬ লক্ষ্যমান (Target value -2017-18)				
						অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very good)	উত্তম (good)	চলতি মান (Fair)	চলতি মান নিম্ন(poor)
দক্ষতার সঙ্গে বার্ষিক কর্ম সম্পাদন হুজি বাস্তবায়ন	৪	২০১৭-১৮- অর্থ বছরের বসতা বার্ষিক কর্মসম্পাদন হুজি দাখিল	নির্ধারিত সময়সীমার মধ্যে বসতা হুজি যন্ত্রনামার/নিভাহা দাখিলকৃত	তারিখ	১	১৭ এপ্রিল	১৯ এপ্রিল	২০ এপ্রিল	২৩ এপ্রিল	২৫ এপ্রিল
		২০১৭-১৮- অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন হুজি বাস্তবায়ন পরিবীক্ষণ	দৈনিক প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	৪	৬	-	-	-
		২০১৭-১৮- অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন হুজির অর্থ বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল	নির্ধারিত তারিখে অর্থ বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১	১৫ জানুয়ারী	১৬ জানুয়ারী	১৭ জানুয়ারী	১৮ জানুয়ারী	২১ জানুয়ারী
		২০১৬-১৭- অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন হুজির মূল্যায়ন প্রতিবেদন দাখিল	বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১	১৩ জুলাই	১৬ জুলাই	১৭ জুলাই	২০ জুলাই	২৩ জুলাই
		মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে কর্মসূচি একটি অনলাইন সেবা চালু করা	অনলাইন সেবা চালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারী	৩২ জানুয়ারী	৩৩ জানুয়ারী	-
কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন	৯	নতুন/সংস্কার কর্মসূচি ১টি সেবা/ক্রিয়া সজীবকৃত	সেবা প্রক্রিয়া সহজকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারী	৩২ জানুয়ারী	১৫ মার্চ	-
		উদ্ভাবনী উদ্যোগ ও হুজি উন্নয়ন প্রকল্প (এস আইপি) বাস্তবায়ন	উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়িত	তারিখ	১	৪ জানুয়ারী	১১ জানুয়ারী	১৭ জানুয়ারী	২২ জানুয়ারী	৩১ জানুয়ারী
		শিআর ওয়া ফরম ২ মাস পূর্ব সংশ্লিষ্ট কর্মচারীর শিআর এল ও হুজি নগদায়ন যুক্তকর্ম জারি নিশ্চিতকরণ	এস আইপি বাস্তবায়ন সংশ্লিষ্ট কর্মচারীর শিআর এল ও হুজি নগদায়ন যুক্তকর্ম জারিকৃত	%	১	১০০	১০৫	১০৭	-	-

Handwritten signature and stamp.

	সিটিজেনস চার্জার অনুযায়ী সেবা প্রদান	সিটিজেনস চার্জার অনুযায়ী সেবা প্রদান	প্রকাশিত সিটিজেনস চার্জার অনুযায়ী সেবা প্রদানকৃত নিষ্পত্তিকৃত অভিযোগ	%	১	১০০	৯০	০৮	৭০	৬০
	অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	নিষ্পত্তিকৃত অভিযোগ	%	১	৯০	৮০	৭০	৬০	
	সেবা প্রত্যাশি এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাকার (Waiting room) এর ব্যবস্থা করা	সেবা প্রত্যাশি এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাকার (Waiting room) এর ব্যবস্থা করা	নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশি এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাকার (Waiting room) চালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারী	২৮	-	
	সেবার মান সম্পর্কে সেবাস্বীকারের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা	সেবার মান সম্পর্কে সেবাস্বীকারের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা	সেবাস্বীকারের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারী	২৮	-	
	সরকারী কনসাল্ট্যান্ট ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন	সরকারী কনসাল্ট্যান্ট ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণের সময়	জনসংখ্যা	২	৬০	৫৫	৫০	৪৫	৪০
	জাতীয় স্বেচ্ছাচার কৌশল বাস্তবায়ন	জাতীয় স্বেচ্ছাচার কৌশল বাস্তবায়ন	২০১৭-১৮ অর্থ বছরের স্বেচ্ছাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কার্যক্রম প্রণীত ও দাখিলকৃত	তারিখ	১	১৬ জুলাই	৩১ জুলাই	-	-	-
	অর্থ বাস্তবায়ন বৃদ্ধিমালাকরণ	অর্থ বাস্তবায়ন বৃদ্ধিমালাকরণ	নির্ধারিত সময়সীমার মধ্যে প্রাথমিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	৪	৩	-	-	-
	অর্থ আধিকার বাস্তবায়ন জোরদারকরণ	অর্থ আধিকার বাস্তবায়ন জোরদারকরণ	অর্থ বাস্তবায়ন বৃদ্ধিমালাকরণ	%	৫	৮০	৭০	৬০	-	-
	আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন	আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন	ব্যয়নোদিত তথ্য প্রকাশিত	%	৫	১০০	৯০	৮৫	৮০	৭৫
			আর্ডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	%	২	৫০	৪৫	৪০	৩৫	৩০



 (অতিরিক্ত)

 সিনিয়র সিস্টেম এনালিস্ট

 সিস্টেম এনালিস্ট

 সিস্টেম এনালিস্ট

 সিস্টেম এনালিস্ট

আমি, সভাপতি, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সভাপতি, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।


স্বাক্ষী:

স্বাক্ষরিত:

তারিখঃ ২৫/০৬/২০১৭খ্রিঃ




জনাবের ম্যানেজার
A.K.M. Shamsuddin Chowdhury
চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩
Chittagong PBS-3



সভাপতি
চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩

সভাপতি
চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩



পরিচালক, পবিস ব্যবস্থাপনা ও পরিচালন


বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

(মোঃ শহিদুল কারিম)

উপ-পরিচালক (কোঃ অঃ)

পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

পবিস অঃ ও পঃ (কোঃ অঃ) পরিদপ্তর



সচিব

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

(হাসিনা বেগম)

সচিব (অঃ দায়), বাণবিবোর্ড